ইউএনজিএ সভাপতি নির্বাচিত খলিলুর রহমানকে প্রধানমন্ত্রীর অভিনন্দন



ছবি: প্রধানমন্ত্রী তারেক রহমান ও পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান। ছবি: সংগৃহীত

জাতিসংঘের সাধারণ পরিষদের (ইউএনজিএ) ৮১তম অধিবেশনের সভাপতি হিসেবে নির্বাচিত হওয়ায় বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান-কে অভিনন্দন জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

মঙ্গলবার (২ জুন) রাতে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক বার্তায় তিনি এই শুভেচ্ছা জানান।

অভিনন্দন বার্তায় প্রধানমন্ত্রী বলেন, এই অর্জন বৈশ্বিক পরিমণ্ডলে বাংলাদেশের ক্রমবর্ধমান ভূমিকা ও আস্থার প্রতিফলন। তিনি আশা প্রকাশ করেন, খলিলুর রহমান আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের প্রতিনিধিত্ব আরও দৃঢ়ভাবে তুলে ধরবেন এবং বহুপাক্ষিক সহযোগিতা, সংলাপ ও বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবিলায় কার্যকর ভূমিকা রাখবেন। একই সঙ্গে নতুন দায়িত্বে তার সাফল্য কামনাও করেন তিনি।

এর আগে ভোটাভুটিতে জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতি নির্বাচিত হন খলিলুর রহমান। ১৯০টি সদস্য রাষ্ট্রের অংশগ্রহণে অনুষ্ঠিত নির্বাচনে তিনি ৯৯টি ভোট পান। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী সাইপ্রাসের প্রার্থী আন্দ্রেয়াস এস কাকোরিস পান ৯১টি ভোট।